

৩ বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের নতুন কমিটি ঘোষণা

অনলাইন ডেস্ক

০২ অক্টোবর ২০২৫, ১০:৩৮ পিএম



সংগৃহীত

দেশের তিনটি বিশ্ববিদ্যালয়ে নতুন কমিটি অনুমোদন দিয়েছে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল।

আজ বৃহস্পতিবার রাতে ছাত্রদলের অফিশিয়াল ফেসবুক পেজে একটি বিজ্ঞপ্তির মাধ্যমে এসব কমিটির তালিকা প্রকাশ করা হয়।

বিশ্ববিদ্যালয়গুলো হলো- চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ইউনিভার্সিটি অব গ্লোবাল ভিলেজ এবং ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (ডুয়েট) আংশিক কমিটি অনুমোদন দিয়েছে ছাত্রদল।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের ২১ সদস্যের আংশিক কমিটি অনুমোদন দিয়েছে কেন্দ্রীয় সংসদ। এতে সভাপতির পদ পেয়েছেন রাকিবুল কবির নিহাল ও সাধারণ সম্পাদক পদ পেয়েছেন ইফতেখারুল ইসলাম বসুনিয়া।

অন্যদিকে, ইউনিভার্সিটি অব গ্লোবাল ভিলেজ, বরিশালে ১০ সদস্যের কমিটি অনুমোদন দেওয়া হয়েছে। এতে সভাপতির পদ পেয়েছেন মো. আল-আমিন রাহাত ও সাধারণ সম্পাদক পদ পেয়েছেন মো. ফাহিম আহ্মদি উৎস।

অপরদিকে, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডুয়েট) শাখা ছাত্রদলের সভাপতির পদ পেয়েছেন জামিরুল ইসলাম জামিল ও সাধারণ সম্পাদক পদ পেয়েছেন মো. আব্দুল কাদের। ডুয়েটের কমিটিতে মোট ৩১ জনকে পদ দেওয়া হয়েছে।

তিন বিশ্ববিদ্যালয়ের কমিটিকেই আগামী ৩০ দিনের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি গঠনের নির্দেশ দিয়েছে কেন্দ্রীয় ছাত্রদল।